রেজি নং ডিএ ৪০৬৪ বর্ষ ১৫ সংখ্যা ২৪৩

www.samakal.com 4 /Tho!

বিজ্ঞান জাদুঘরে গ্রহ-নক্ষত্র দেখা যাবে আজ ও কাল

সমকাল প্রতিবেদক

রাজধানীর আগারগাঁওয়ের জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরে আজ শুক্রবার ও আগামীকাল শনিবার বেশ কয়েকটি গ্রহ-নক্ষত্র দেখা যাবে। সূর্যান্তের সময় জাদুঘরের টেলিস্কোপের মাধ্যমে সন্ধ্যা ৫টা ১১ মিনিট থেকে শুক্ত করে পরবর্তী এক ঘন্টা বলয়সহ শনি গ্রহ, পৃথিবীর চাঁদ, শুক্ত গ্রহ, চারটি চাঁদসহ বৃহস্পতি গ্রহ এবং মহাকাশের কিছু নক্ষত্র ও নেবুলা দেখা যাবে। এ উপলক্ষে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের মহাপরিচালক মোহাম্মাদ মুনীর চৌধুরী শিক্ষার্থীসহ সর্বস্তরের মানুষকে জাদুঘর পরিদর্শনের আহ্বান জানিয়েছেন।

জাদুঘরে আসছে মিউজুবাস : বিজ্ঞান গ্যালারিসমৃদ্ধ চারটি আধুনিক মিউজুবাস সংগ্রহের প্রক্রিয়া শুরু করেছে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর। গতকাল বৃহস্পতিবার প্রতিষ্ঠানটির সম্মেলন কক্ষে সরবরাহকারী প্রতিষ্ঠান ন্যাশনাল ডেভেলপ্রমেন্ট ইঞ্জিনিয়ার্স লিমিটেডের সঙ্গে চক্তি সই হয়েছে।

জাদুঘরের মহাপরিচালক মোহাম্মাদ মুনীর চৌধুরীর উপস্থিতিতে জাদুঘরের পক্ষে এ চুক্তিতে স্বাক্ষর করেন প্রকল্প পরিচালক এ এস এম শফিউল আলম তালুকদার এবং সরবরাহকারী প্রতিষ্ঠানের কর্মকর্তারা। প্রতিষ্ঠানটির এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য

বিজ্ঞান জাদুঘরে

[১৯ পৃষ্ঠার পর]
জানানো হয়। প্রতিষ্ঠানটি জানিয়েছে,
চুক্তির আওতায় ১০ কোটি ৬১ লাখ
টাকারও বেশি ব্যয়ে সর্বাধুনিক
প্রযুক্তিসম্পন্ন চারটি মিউজুবাস
২০২০ সালের মার্চের মধ্যে চালু করা
হবে। এ প্রকল্পের আওতায় ২০১৮১৯ অর্থবছরে তিনটি চতুর্মাত্রিক
মুভিবাস ও ২টি অবজারভেটরি ভ্যান
সংগ্রহ করা হয়েছে। মুনীর চৌধুরী
বলেন, এর মাধ্যমে বাংলাদেশে
ভ্রাম্যাণ বিজ্ঞান শিক্ষার দিগন্ত
প্রসারিত হবে এবং খুদে বিজ্ঞানী
তৈরির পরিবেশ সৃষ্টি হবে।



Sky observation programme at NMST today

STAFF CORRESPONDENT

National Museum of Science and Technology (NMST) will hold sky observation programme this evening.

The sky observation programme will be held on Friday and Saturday evening each week from the sunset to next one hour, said a press release of NMST.

The authority of the NMST invites people from all walks of life to join the programme.



Reg No: DA 6351 | Vol.VI No: 152 | 14 Augrohayon 1426 | 1 Rabi-ut-Thani 1441 | www.dailyasianage.com | Pages 16 | Friday 29 November 2019 Dhaka | 1

Telescope to view stars at NMST

► AA Correspondent

Astronomic observations can be made with the telescope at the National Science and Technology Museum (NMST) in city's Agargaon area on Friday and Saturday. Due to the cloud-free weather, people can see the Moon, Saturn, Jupiter with four moons, and some other stars and nebulas. NMST authorities have invited people from all walks of life to participate in the program.